পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

গণপতিনগর :: উত্তর সোনামুই :: পূর্ব মেদিনীপুর

পত্রাঙ্ক নং- 4 /বন ও ভুমি/1/14/P-III/Ferry/PM2P তারিখ 14/01/2019

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনকে জানানো যায় যে, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ পরিচালনাধীন ফেরীঘাটগুলি সংযোজিত তালিকা অনুযায়ী পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ কার্যালয়ে (সভাকক্ষে) জেলা পরিষদ কর্তৃপক্ষের উপস্থিতিতে বাংলা ১৪২৬ সনের ১লা বৈশাখ থেকে উক্ত সনের ৩০ শা চৈত্র (এক বছরের জন্য) পর্যন্ত ইজারা বিলির জন্য প্রকাশ্য নীলাম ডাক করা হইবে। উক্ত ফেরীঘাটগুলি ইজারা লইতে ইচ্ছুক সর্বসাধারন তালিকায় উল্লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইয়া নিজ নিজ নামে ডাক দিবেন। প্রকাশ্য নীলাম ডাকটি সর্ব সাধারনের মধ্যে সংগঠিত করা হইবে।

প্রকাশ থাকে যে, নীলাম ডাকের পূর্বে প্রত্যেক ডাককারীকে তালিকায় উল্লিখিত হারে আমানত বাবদ অর্থ নগদে জমা রাখিতে হইবে। সর্বোচ্চ প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ডাককারী ব্যতিরেকে অন্যান্য ডাককারীদিগকে ঐ আমানতের অর্থ সঙ্গে সঙ্গে ফেরৎ দেওয়া হইবে।

যে সমস্ত নিয়মে নিলাম ডাক হইবে তা সংক্ষেপে নিম্নে প্রদত্ত হইল :-

১) পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ পরিচালনাধীন ফেরীঘাটগুলি বাংলা ১৪২৬ সনের ১লা বৈশাখ থেকে উক্ত সনের ৩০ শা চৈত্র পর্যন্ত অস্থায়ী বন্দোবস্ত দেওয়া হইবে। যে ঘাটের জন্য সবের্বাচ্চ ডাক সেই ঘাটের ঐ সময়ের জন্য খাজনা ধার্য্য হইবে।

২) বাংলা ১৪২৬ সনের ১লা বৈশাখ থেকে উক্ত সনের ৩০ শা চৈত্র পর্যন্ত সময়ের জন্য নীলাম ডাক হইবে এবং ঐ ডাক সর্বোচ্চ বিধায় গৃহীত হইলে, উক্ত সর্বোচ্চ ডাককারীকে ডাকের সমূহ অর্থ তৎক্ষনাৎ নগদে অথবা Bank draft এর মাধ্যমে অত্র অফিসে জমা দিতে হইবে। <u>কোন রকম ধার বাকী দেওয়া হইবে না।</u>

৩) প্রথম সর্বোচ্চ ডাককারী যদি তাঁর ডাকের সমূহ অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারেন, তবে দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীকে ডাকের সমূহ অর্থ মিটিয়ে ইজারা পাওয়ার সুযোগ দেওয়া হইবে। যদি তিনি তাহার সমূহ অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারেন, অনুরূপ ভাবে তৃতীয় সর্বোচ্চ ডাককারীকে সুযোগ দেওয়া হইবে এবং এই প্রক্রিয়া চলিতে থাকিবে।

তবে যদি পাশাপাশি ডাককারীর মধ্যে খুব বেশী টাকার পার্থক্য থাকে, তবে সেক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃপক্ষ ডাক বাতিল বলিয়া ঘোষনা করিতে পারিবেন। সর্বোচ্চ ডাকের অর্থ তৎক্ষনাৎ জমা না দিলে তাঁর জমা দেওয়া আমানত অর্থ বাজেয়াপ্ত হইবে এবং দ্বিতীয় ও তৃতীয় ডাককারীকে পর্য্যায়ক্রমে অনুরূপ সুযোগ প্রদান করা হইবে। আমানত অর্থ বাজেয়াপ্ত করিবার ক্ষেত্রে একই নিয়ম প্রযুক্ত হইবে। অনেক সময় নগদে সমস্ত টাকা এককালীন দেওয়ার ক্ষেত্রে ডাকে অংশগ্রহনকারী ব্যক্তিগন বেশী পরিমান টাকা দূর থেকে নগদে বহন করিবার অসুবিধার কারন দেখিয়ে সর্বোচ্চ ডাকের টাকার কিছু অংশ পরবতীকালে পরিশোধ করিবার জন্য সময় প্রার্থনা করেন। বিশেষ করিয়া তাঁদের জন্য জেলা পরিষদের বক্তব্য যে, মনে করিলে সরকারী ডাকের অর্থ তাঁরা Account payee cheque/Bank draft (স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, তমলুক রেলওয়ে স্টেশন ব্রাঞ্চের উপর, Financial Controller & Chief Accounts Officer, Purba Medinipur Zilla Parishad এর অনুকূলে প্রস্তুত করিয়া) এর মাধ্যমে নিয়ে আসিতে পারিবেন। কিন্তু সর্বোচ্চ ডাকের অর্থ তৎক্ষনাত মেটানোর ক্ষেত্রে কোন ওজর আপত্তি শোনা যাইবে না।

৪) ডাক চলাকালীন সময় প্রয়োজনবোধে কর্তৃপক্ষ সম্ভাব্য টাকা যে কোন সময়ে দর্শানোর জন্য বলিতে পারিবেন এবং ডাককারী তা দর্শাইতে বাধ্য থাকিবেন। যদি টাকা দর্শাইতে না পারেন, তাহা হইলে তাঁকে পরবতী রাউন্ড থেকে শেষ রাউন্ড পর্যন্ত ডাক দিতে দেওয়া হইবে না।

৫) কোনরূপ কারন না দর্শাইয়া কোন ডাক গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষের থাকিবে। জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলিয়া গন্য হইবে।

২৪) প্রতিটি নৌকা / যন্ত্রচালিত নৌকা /লঞ্চ যেটি যাত্রী পরিবহনের কাজে ব্যবহৃত হইবে "Prominent Place on the body" তে সেটির সর্বোচ্চ যাত্রী পরিবহনের ধারনসীমা লিখিত আকারে টাঙিয়ে রাখিতে হইবে ।

২৫) যাত্রী সাধারন যারা নৌকা / যন্ত্রচালিত নৌকা /লঞ্চ ইত্যাদিতে আরোহন করিয়া ফেরী পারাপার করিতেছেন তাদের সঠিক হিসাব রাখার জন্য টিকিট দিতে হইবে এবং নাবালকদের ক্ষেত্রে যাদের ভাড়া নেওয়া হয়না তাদের ও হিসাব রাখার জন্য ফ্রি পাস দিতে হইবে । আরোহন স্থলে যাত্রী ভাড়া, ফেরীঘাটের নাম, যাত্রাপথের বিবরন পরিস্কার ভাবে বাংলা, ইংরাজী এবং হিন্দিতে লিখে বিজ্ঞপ্তি আকারে টাঙিয়ে রাখিতে হইবে ।

২৬) প্রকাশ্য নীলাম ডাক কক্ষে ডাককারীর সঙ্গে অতিরিক্ত একজন উপস্থিত থাকিতে পারিবেন । কোন অবস্থায় ডাককারীর সঙ্গে একজনের বেশী সঙ্গীকে প্রকাশ্য নীলাম ডাক কক্ষে থাকিবার অনুমতি দেওয়া হইবে না ।

২৭) যাত্রী, পন্য, প্রানী ও অন্যান্য জিনিস পরিবহনের ক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মাশুল তালিকা অনুযায়ী মাশুল নিতে হইবে এবং তালিকাটি প্রতিটি ঘাটে যাত্রী সাধারনের নজরে পড়ে এমন জায়গায় নোটিশ বোর্ডে লিখিয়া রাখিতে হইবে ।

সংযুক্তিকরন : ১৬টি ফেরী ঘাটের তালিকা

সচিব
পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

পত্রাঙ্ক নং- 4/1(115) বন ও ভূমি/1/14/P-111/Ferry/PMZP

তারিখ 14/01/2019

প্রতিলিপি অবগতির জন্য প্রেরিত হল :-

১. সভাধিপতি, পূর্ব মেদিনীপুর/ পশ্চিম মেদিনীপুর/দক্ষিন ২৪ পরগনা জেলা পরিষদ
২. জেলা শাসক, পূর্ব মেদিনীপুর / পশ্চিম মেদিনীপুর/দক্ষিন ২৪ পরগনা
৩. সহকারী সভাধিপতি, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ
৪. অতিরিক্ত নির্বাহী অধিকারিক, পূর্ব মেদিনীপুর / পশ্চিম মেদিনীপুর/দক্ষিন ২৪ পরগনা জেলা পরিষদ
৫. আরক্ষাধ্যক্ষ,পূর্ব মেদিনীপুর / পশ্চিম মেদিনীপুর/দক্ষিন ২৪ পরগনা
৬. কর্মাধ্যক্ষ,..........................(সকল) স্থায়ী সমিতি, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ
৭. অর্থ নিয়ন্ত্রক ও মুখ্য হিসাব আধিকারিক, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ
৮. মহকুমা শাসক, তমলুক/কাঁথি/ হলদিয়া/ এগরা মহকুমা, পূর্ব মেদিনীপুর
৯. প্রতিলিপি সভাপতি ও নির্বাহী আধিকারিক, সকল পঞ্চায়েত সমিতি, পূর্ব মেদিনীপুর মহাশয়ের আবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরিত হইল এবং এই নোটিশ সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত প্রধানদের প্রেরন করিবার ব্যবস্থা গ্রহন করিতে অনুরোধ জানিয়ে প্রেরিত হইল ।
১০. পৌর প্রধান (সকল পৌর সভা), পূর্ব মেদিনীপুর
১১. অফিস অধিক্ষক/মুখ্য সহায়ক/গাননিক/কোষাধ্যক্ষ, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ
১২. জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, পূর্ব মেদিনীপুর
১৩. The DIO,NIC, পূর্ব মেদিনীপুর সম্পূর্ন বিজ্ঞপ্তিটি www.purbamedinipur.gov.in ওয়েবসাইটে প্রকাশ করিবার জন্য বলা হইতেছে ।
১৪. ভারপ্রাপ্ত আধিকারিক..থানা, পূর্ব মেদিনীপুর / পশ্চিম মেদিনীপুর
১৫. ব্রাঞ্চ ম্যানেজার, তমলুক রেল ওয়ে স্টেশন ব্রাঞ্চ মহাশয়কে ফেরী ঘাট নীলাম ডাকের তারিখটিতে বিকেল ৫.০০ টা পর্যন্ত টাকা জমা নেওয়ার ব্যবস্থা গ্রহন করিবার জন্য অনুরোধ করা হইতেছে ।
১৬. .... ইজারাদার
১৭. নোটিশ বোর্ড, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

সচিব
পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

D:\SM_2019\January, 2019\10.01.2018\Notice_Ban Bhumi.docx

পত্রাঙ্ক নং- 4 /বনভূমি তারিখ 14/01/2019

সংযুক্তিকরন

জেলা পরিষদ নিয়ন্ত্রনাধীন ১৬টি ফেরী ঘাটের প্রকাশ্য নীলাম ডাক বাংলা ১৪২৬ সনের জন্য সংগঠিত হইবে তাঁহার তারিখ, সময়, স্থান ও আমানত সম্পর্কিত সংযোজিত তালিকা :-

ক্রমিক নং	ফেরী ঘাটের নাম	পঞ্চায়েত সমিতির নাম	প্রকাশ্য নীলাম ডাকের		১৪২৬ সনের সরকারী ডাকের ন্যূনতম ডাক মূল্য (টাকা)	১৪২৬ সনের আমানত জমার অর্থ (টাকা)
			তারিখ	সময়		
১.	আসনান নারিকেলদা	ময়না ও ভগবানপুর-১	২৮.০১.২০১৯	১১.৩০	৩০১০০০.০০	৩০১০০.০০
২.	পূর্ব দোবান্দী	ময়না ও তমলুক	২৮.০১.২০১৯	১১.৪৫	৬৫০০০.০০	৬৫০০.০০
৩.	প্রজাবাড়	ময়না ও পাঁশকুড়া-১	২৮.০১.২০১৯	১২.০০	৩৩৩০০০.০০	৩৩৩০০.০০
৪.	শ্রীকণ্ঠা	ময়না ও তমলুক	২৮.০১.২০১৯	১২.১৫	২৩৫০০০.০০	২৩৫০০.০০
৫.	তালপাটি কাকদ্বীপ ভায়া কচুবেড়িয়া (আন্তঃজেলা)	খেজুরী-২ ও কাকদ্বীপ	২৮.০১.২০১৯	১২.৩০	১২৫০০০০.০০	১২৫০০০.০০
৬.	কাঁটাখালি থেকে কচুবেড়িয়া ভায়া কাকদ্বীপ (আন্তঃজেলা)	নন্দীগ্রাম-১, সাগর ও কাকদ্বীপ	২৮.০১.২০১৯	১২.৪৫	২১৫০০০.০০	২১৫০০.০০
৭.	রানীচক থেকে বালুঘাটা	নন্দীগ্রাম-১ ও হলদিয়া	২৮.০১.২০১৯	১.০০	১০০০০.০০	১০০০.০০
৮.	চাবুকিয়া	ভগবানপুর-১ ও সবং	২৮.০১.২০১৯	১.১৫	৪৫০০০.০০	৪৫০০.০০
৯.	নোনানারায়নচক	কোলাঘাট ও দাসপুর-২	২৮.০১.২০১৯	১.৩০	৬৯০০০.০০	৬৯০০.০০
১০.	দূর্বাচটি (ভোড়দহ)	কোলাঘাট ও দাসপুর-২	২৮.০১.২০১৯	১.৪৫	৫৪০০০.০০	৫৪০০.০০
১১.	গোড়ামহল থেকে মহম্মদপুর	ভগবানপুর-১ ও ময়না	২৮.০১.২০১৯	২.০০	৩৩৫০০০.০০	৩৩৫০০.০০
১২.	নারায়নচক গোমুখপোতা	কোলাঘাট ও দাসপুর-২	২৮.০১.২০১৯	২.১৫	১৫০০০০.০০	১৫০০০.০০
১৩.	বৃন্দাবনচক	কোলাঘাট ও দাসপুর-২	২৮.০১.২০১৯	২.৩০	১৩১০০০.০০	১৩১০০.০০
১৪.	নয়াচর থেকে পাতিখালি খাল (দুর্গাচক)	নন্দীগ্রাম-১ ও হলদিয়া	২৮.০১.২০১৯	২.৪৫	৭০০০০.০০	৭০০০.০০
১৫.	নয়াচর থেকে চর কেন্দামারী ভায়া হলদিয়া টাউনশিপ	নন্দীগ্রাম-১ ও হলদিয়া	২৮.০১.২০১৯	৩.০০	২১৩০০০.০০	২১৩০০.০০
১৬.	কেন্দামারী থেকে নয়াচর	নন্দীগ্রাম-১ ও হলদিয়া	২৮.০১.২০১৯	৩.১৫	১০০০০.০০	১০০০.০০

১৪/০১/১৯

সচিব
পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

D:\SM_2019\January, 2019\10.01.2019\Ferry list of Banbhumi.docx